Bangladesh Association of International Recruiting Agencies
(BAIRA)

(ই-মেইল ও হোয়াটসঅ্যাপ গ্রুপ যোগে প্রেরিত)

স্মারক নং: বায়রা/৩(৯)/২০২৫/০৩৮

তারিখঃ ১৬ মাঘ ১৪৩১
৩০ জানুয়ারি ২০২৫

প্রাপক :
সম্মানিত সদস্য (সকল)
বায়রা।

বিষয়ঃ **বিদেশে কর্মী প্রেরণের ক্ষেত্রে বিমান টিকেটের উচ্চ মূল্য রোধকল্পে পদক্ষেপ গ্রহণ সংক্রান্ত।**

সূত্র: ১। মন্ত্রণালয়ের স্মারক নং-৪৯.০০.০০০০.০২৪.৩০.০২২.২৪.১১৮, তারিখ: ২৮ জানুয়ারি ২০২৫ খ্রি. (সংযুক্তি)
২। বায়রা'র পত্রের স্মারক নং-বায়রা/প্রবাসী কল্যান/৩০/২০২৫/২৯, তারিখ: ২৭ জানুয়ারি ২০২৫ খ্রি. (সংযুক্তি)

মহোদয়,
আস্-সালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ্।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বিদেশে কর্মী প্রেরণের ক্ষেত্রে বিমান টিকেটের উচ্চ মূল্য রোধকল্পে পদক্ষেপ গ্রহণ সংক্রান্ত পত্রের কপি এতদসংগে প্রেরণ পূর্বক সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ২ পৃষ্ঠা, বর্ণনামতে।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব, বায়রা।

অনুলিপিঃ
১। সম্মানিত সভাপতি/মহাসচিব, বায়রা।
২। নোটিশ বোর্ড (বায়রা ও ডাটাবেজ)/ওয়েবসাইট (www.baira.org.bd)।
৩। অফিস কপি।

BAIRA BHABAN: 130, New Eskaton Road, Dhaka-1000, Bangladesh. Tel: +88-02-41032136-38, Fax: +88-02-41032144
E-mail: baira1984@gmail.com, info@baira.org.bd, Web: www.baira.org.bd

বায়রা সচিবালয়, ঢাকা		
সম্মানিত সভাপতি/মহাসচিব/ অর্থসচিব/.............		সচিব
ম্যানেজার/ওএস/এসও/এও/ আইটিও/.................		
রিসেপশনিষ্ট		
রেজিস্ট/ডায়েরী নং	138	
তারিখ ও সময়	30/1/25	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কল্যাণ-০১ শাখা
www.probashi.gov.bd

স্মারক নং: ৪৯.০০.০০০০.০২৪.৩০.০২২.২৪.১১৮

তারিখ: ১৪ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ / ২৮ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: বিদেশে কর্মী প্রেরণের ক্ষেত্রে বিমান টিকেটের উচ্চ মূল্য রোধকল্পে পদক্ষেপ গ্রহণ সংক্রান্ত।

সূত্র: বাংলাদেশ এসোসিয়েশন অব রিক্রুটিং এজেন্সী (বায়রা) এর স্মারক নং-বায়রা/প্রবাসী কল্যাণ/৩০/২০২৫/২৯; তারিখ: ২৭/০১/২০২৫ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অসাধু ট্রাভেল এজেন্ট এবং কতিপয় এয়ারলাইন্সের যোগসাজশে বিভিন্ন দেশে বিমানে যাতায়াতের টিকেটের উচ্চ মূল্য ধার্য করার ফলে বিদেশে কর্মী প্রেরণের ক্ষেত্রে অভিবাসন ব্যয় বৃদ্ধি পাচ্ছে এবং কর্মীগণ আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ ও হয়রানির শিকার হচ্ছেন; আগামী মার্চ, ২০২৫ পর্যন্ত সৌদি আরব যাওয়ার কোন স্লট পাওয়া যাচ্ছে না-মর্মে বাংলাদেশ এসোসিয়েশন অব রিক্রুটিং এজেন্সি (বায়রা) হতে সূত্রোক্ত পত্রের মাধ্যমে জানানো হয়েছে।

এমতাবস্থায়, বাংলাদেশ এসোসিয়েশন অব রিক্রুটিং এজেন্সী (বায়রা) এর নিকট থেকে প্রাপ্ত সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

28/01/2025
মো: হেদায়েতুল ইসলাম মন্ডল
উপসচিব
ফোন- ৪১০৩০২৫১
dswelfare@probashi.gov.bd

সচিব
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং: ৪৯.০০.০০০০.০২৪.৩০.০২২.২৪.১১৮

তারিখ: ১৪ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ / ২৮ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। উপদেষ্টার একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। মহাসচিব, বাংলাদেশ এসোসিয়েশন অব রিক্রুটিং এজেন্সী (বায়রা), বায়রা ভবন, ১৩০ নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০।
০৪। অতিরিক্ত সচিব (মিশন ও কল্যাণ) এঁর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৫। অফিস কপি।

28/01/2025
মো: হেদায়েতুল ইসলাম মন্ডল
উপসচিব

D:\Hasan\Letter-2025\প্রবাসী কর্মীদের কল্যাণ.docx

Bangladesh Association of International Recruiting Agencies
(BAIRA)

স্মারক নং: বায়রা/প্রবাসী কল্যাণ/৩০/২০২৫/২৯

তারিখ: ১৩ মাঘ ১৪৩১
২৭ জানুয়ারী ২০২৫

RECEIVED
27 JAN 2025
MOEWOE

সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,
প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা-১০০০

বিষয়ঃ **বিদেশে কর্মী প্রেরণের ক্ষেত্রে বিমান টিকেটের উচ্চ মূল্য রোধকল্পে পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কিছু অসাধু ট্রাভেল এজেন্ট এবং কতিপয় এয়ারলাইন্সের যোগসাজশে বিভিন্ন দেশে বিমানে যাতায়াতের টিকেটের উচ্চ মূল্য ধার্য করে থাকে। ফলে বিদেশে কর্মী প্রেরণের ক্ষেত্রে অভিবাসন ব্যয় বৃদ্ধি পাচ্ছে এবং কর্মীগণ আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত ও হয়রানির শিকার হচ্ছেন। উদাহরণস্বরূপ বলা যায়, সৌদি আরব গমণের ক্ষেত্রে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার টিকেট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পর্যন্ত ধার্য করা হচ্ছে।

২। এছাড়া ট্রাভেল এজেন্ট ও এয়ারলাইন্স সমূহ বেনামী বুকিং এর মাধ্যমে টিকেটের স্লট ব্লক করে রাখে। যেমন- আগামী মার্চ, ২০২৫ পর্যন্ত সৌদি আরব যাওয়ার কোন স্লট পাওয়া যাচ্ছে না। আপনি আরো সদয় অবগত আছেন যে, বর্তমানে সৌদি আরব আমাদের অভিবাসী কর্মীদের জন্য একমাত্র উন্মুক্ত গন্তব্যস্থল। তাই সৌদি আরবের যাওয়া-আসার বিমান টিকেটের উচ্চ মূল্য রোধকল্পে ব্যবস্থা গ্রহণ করা একান্ত জরুরী।

৩। টিকেটের উচ্চ মূল্য প্রতিরোধকল্পে গত ১৯/০১/২০২৫ তারিখে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে বিভিন্ন অংশীজন ও এয়ারলাইন্সের সাথে অনুষ্ঠিত সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হলেও কার্যকরী কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি। ফলে টিকেটের উচ্চ মূল্য রোধে কোন প্রতিকার পাওয়া যাচ্ছে না।

এমতাবস্থায়, বিদেশে কর্মী প্রেরণে অভিবাসন ব্যয় কমানোর লক্ষ্যে টিকেটের উচ্চ মূল্য রোধকল্পে আপনার সুচিন্তিত পদক্ষেপ গ্রহণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

(বীর মুক্তিযোদ্ধা আলী হায়দার চৌধুরী)
মহাসচিব, বায়রা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা।

BAIRA BHABAN: 130, New Eskaton Road, Dhaka-1000, Bangladesh. Tel: +88-02-41032136-38, Fax: +88-02-41032144
E-mail: baira1984@gmail.com, info@baira.org.bd, Web: www.baira.org.bd